

“আখাউড়া থেকে লাকসাম পর্যন্ত দ্বৈত রেলপথ নির্মাণ ও বিদ্যমান রেলপথের মানোন্নয়ন”

বিজ্ঞপ্তি

আপনাদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রেল যোগাযোগ ব্যবস্থার আধুনিকায়ন ও সম্প্রসারণের লক্ষ্যে বাংলাদেশ সরকার বেশ কিছু পরিকল্পনা গ্রহণ করেছেন। আখাউড়া থেকে লাকসাম পর্যন্ত দ্বৈত রেললাইন প্রকল্প অনুরূপ একটি উন্নয়ন কার্যক্রম। এ প্রকল্পের আওতায় আখাউড়া-লাকসাম সেকশনে বিদ্যমান লাইনের পাশে একটি নতুন মিটারগেজ লাইন নির্মাণের সাথে সাথে বিদ্যমান লাইনের মানোন্নয়ন করে ডাবল লাইন ট্রেন অপারেশন করা হবে। আখাউড়া হতে লাকসাম যাত্রাপথে নতুন লাইনটি বর্তমান লাইনের সমান্তরালে প্রধানত পশ্চিম পাশে স্থাপিত হবে। এই প্রকল্প বাস্তবায়িত হলে ৭২ কিলোমিটার দীর্ঘ এ সেকশনে যাত্রী ও মালামাল পরিবহন ক্ষমতা দ্বিগুণ হবে এবং সংশ্লিষ্ট এলাকার প্রভূত অর্থনৈতিক ও সামাজিক উন্নয়ন ঘটবে।

প্রস্তাবিত লাইনটির বেশীর ভাগই বর্তমান লাইনের ৫০ মিটার এর মধ্যে সীমাবদ্ধ থাকবে। এই প্রকল্পটি বাস্তবায়ন করতে হলে ভূমি উন্নয়ন, ভূমি খনন, ভূমি স্থিতিকরণ, রেল লাইন স্থাপন, সেতু নির্মাণ ও পাইল স্থাপন, ১১টি রেল স্টেশনভবন পুনঃনির্মাণ এবং ১২টি স্টেশনের সিগন্যালিং ব্যবস্থার আধুনিকায়ন করতে হবে। প্রায় ১৪৪ কিগমিঃ রেললাইন নির্মাণ ও মানোন্নয়নের জন্য নির্মাণকাল ৪বছর নির্ধারণ করা হয়েছে। প্রকল্প চলাকালে উদ্ভূত ধূলাবালি, শব্দ, গাছ কাটা, আবর্জনা ইত্যাদি কারণে এলাকাবাসী সাময়িকভাবে পরিবেশগত কিছু সমস্যার সম্মুখীন হতে পারেন।

এই প্রকল্পের স্থায়িত্ব ও সফল বাস্তবায়নে আপনাদের মতামত অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই কারণে প্রকল্প এলাকার বিভিন্ন জায়গায় ৭টি মতামত সভা অনুষ্ঠিত হয়েছে এবং আপনাদের মতামতগুলো সুনির্দিষ্টভাবে লিপিবদ্ধ করা হয়েছে। এর আলোকে এই প্রকল্পের অধীনে একটি পরিবেশগত প্রভাব নিরূপণ প্রতিবেদন তৈরী করা হয়েছে। এতে সম্ভাব্য বিরূপ প্রতিক্রিয়াগুলোর প্রতিকারের ব্যবস্থা নিশ্চিত করার জন্যে বিভিন্ন সুপারিশ করা হয়েছে যেখানে আপনাদের মতামতের প্রতিফলন ঘটেছে।

জনগণের সুচিন্তিত মতামত সুনিশ্চিত করার লক্ষ্যে উক্ত রিপোর্টটি নিকটবর্তী উপজেলা অফিসে সংরক্ষিত আছে। আপনারা আপনাদের স্বার্থে ও দেশের সর্বাঙ্গীন উন্নতির লক্ষ্যে উক্ত রিপোর্টটি যাচাই করে আপনাদের মতামত দিতে পারেন।

এই বিজ্ঞপ্তি প্রকাশের দুই সপ্তাহ পর্যন্ত আপনাদের মতামতগুলো সাদরে গৃহীত হবে। আপনাদের মতামত উক্ত রিপোর্টের শেষভাগে সন্নিবেশিত ছকে পূরণ করে ইউ.এন.ও. দপ্তরে জমা দিয়ে প্রাপ্তিপত্র গ্রহণ করুন।

জনস্বার্থে - বাংলাদেশ রেলওয়ে।